

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪২৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ একজন মানুষের জন্য ওয়াজিব হলো নফল জিহাদের উপর বাবা-মার সাথে সদাচারণকে অগ্রাধিকার দেওয়া দেওয়া

ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ بِرِّ الْوَالِدَيْنِ عَلَى جِهَادِ التَّطَوُّعِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِسْحَاقَ عَنْ مِسْعَرِ بْنِ كِدَامٍ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُبَايِعُهُ عَلَى الْهِجْرَةِ وَقَدْ أَسْلَمَ وَقَالَ قَدْ تَمْرُو أَنَّ رَجُلًا أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُبَايِعُهُ عَلَى الْهِجْرَةِ وَقَدْ أَسْلَمَ وَقَالَ قَدْ تَرَكْتُ أَبُوكِيَانِ "قَالَ ارْجِعْ إِلَيْهِمَا فَأَضْحِكُهُمَا كَمَا أَبْكَيْتَهُمَا" وَأَبَى أَنْ يخرج معه." تَركْتُ أَبُوكِيَّ يَبْكِيَانِ "قَالَ ارْجِعْ إِلَيْهِمَا فَأَصْحِكُهُمَا كَمَا أَبْكَيْتَهُمَا" وَأَبَى أَنْ يخرج معه." الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 423 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪২৩. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বাইয়াত নেওয়ার জন্য আসেন। তিনি ইতিমধ্যেই মুসলিম হয়েছেন। তিনি বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি আমার বাবা-মাকে ক্রন্দনরত অবস্থায় রেখে এসেছি!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি তোমার বাবা-মার কাছে ফিরে যাও। অতঃপর তুমি তাদেরকে হাসাও, যেভাবে তুমি তাদের কাঁদিয়েছিলে।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে সাথে নিয়ে (জিহাদে) বের হতে অস্বীকৃতি জানালেন।"[1]

ফুটনোট

[1] হুমাইদী: ৫৮৪; মুসনাদ আহমাদ: ২/১৯৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯২৮৫; আবু দাউদ: ২৫২৮; আদাবুল মুফরাদ: ১৯; সুনান বাইহাকী: ৯/২৬; হাকিম: ৪/১৫২; নাসাঈ: ৭/১৪৩; ইবনু মাজাহ: ২৭৮২।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১১৯৯।)

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২২৮১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন